

স্মারক নং-৩৩.০১.১৯১৮.০০০.০৫.০১২.২৫- ২৪৩

তারিখঃ ০৯/০৭/২০২৫খ্রি.

প্রাপক,

.....
.....
বুড়িচং, কুমিল্লা।

বিষয়ঃ রেজিস্টার্ড চিকিৎসকের ব্যবস্থাপত্র ছাড়া এন্টিবায়োটিক বা অন্য কোন ঔষধ (Over the Counter ঔষধ ব্যতীত) ও নিবন্ধনহীন ঔষধ বিক্রয় বন্ধকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বুড়িচং উপজেলার সর্বত্র গ্রাম পর্যায়ে গৃহপালিত প্রাণি চিকিৎসক পরিচয়ে প্রতারক চক্র খামারীদের সাথে প্রতারণা করে আসছে। এসব প্রতারক চক্র বাস্তবে কোন চিকিৎসক নয়। তারা চিকিৎসক পরিচয় ব্যবহার করে চিকিৎসা প্রদানের সময় অবাধে এন্টিবায়োটিক বা অন্য কোন ঔষধ ব্যবহার করে এবং খামারীদের ব্যবস্থাপত্র লিখে দেয়। ফলশ্রুতিতে এসব ঔষধ ব্যবহারের ফলে গবাদিপশুর মারাত্মক ক্ষতিসাধন হয় এবং আমাদের প্রাণিসম্পদের উৎপাদন (দুধ, ডিম ও মাংস) ব্যাহত হয়। অবাধে এন্টিবায়োটিক তথা ঔষধ ব্যবহারের ফলে মানবস্বাস্থ্যও ঝুঁকির মধ্যে পড়ছে। তাই, এসব নিয়ন্ত্রণের জন্য বাংলাদেশ সরকার “**ঔষধ ও কসমেটিকস্ আইন-২০২৩**” প্রণয়ন করেন। এতে নিবন্ধিত চিকিৎসকের ব্যবস্থাপত্র ব্যতীত এন্টিবায়োটিক ঔষধ বিক্রয়ের জন্য বিভিন্ন দন্ড এবং ঔষধ ফার্মেসীর লাইসেন্স বাতিলের বিধান রয়েছে।

মানবস্বাস্থ্য ও প্রাণিস্বাস্থ্য এর সার্বিক মঙ্গলের জন্য নিম্নোক্ত নির্দেশনা পালনের অনুরোধ করা হলোঃ-

- ড্রাগ লাইসেন্স ব্যতীত ঔষধ বিক্রয়, মজুত, বিতরণ বা বিক্রয়ের উদ্দেশ্যে প্রদর্শন করা যাবে না।
- রেজিস্টার্ড চিকিৎসকের ব্যবস্থাপত্র ছাড়া এন্টিবায়োটিক বা অন্য কোনো ঔষধ বিক্রয় করা যাবে না (Over the Counter ঔষধ ব্যতীত)।
- নিবন্ধনহীন/নিম্নমান/মিসব্র্যান্ডেড/নকল/ভেজাল/সরকার কর্তৃক নিষিদ্ধ ঔষধ বিক্রয়, বিতরণ, মজুত অথবা প্রদর্শন করা যাবে না।
- অনুমোদন ব্যতীত কোনো ঔষধের ব্যবহার অথবা আরোগ্য বা চিকিৎসা সংক্রান্ত দাবি রয়েছে এরূপ কোনো বিজ্ঞাপন প্রকাশ বা প্রচার করা যাবে না।
- সরকারি ঔষধ/মেয়াদ উত্তীর্ণ ঔষধ/ ফিজিশিয়ান স্যাম্পল বিক্রয় অথবা বিক্রয়ের উদ্দেশ্যে মজুত বা প্রদর্শন করা যাবে না।

অতএব, পত্র প্রাপ্তির পর হতেই এসব নির্দেশনা পালনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। অন্যথায়, আইন ও বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

বিষয়টি অতীব জরুরী

স্বাঃ

(ডাঃ আতিকুর রহমান)

উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা


বুড়িচং, কুমিল্লা।

স্মারক নং-৩৩.০১.১৯১৮.০০০.০৫.০১২.২৫-

অনুলিপিঃ সদয় অবগতি ও জ্ঞাতার্থে জন্য প্রেরণ করা হলো-

- ১। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, কুমিল্লা।
 - ২। উপজেলা নির্বাহী অফিসার, বুড়িচং, কুমিল্লা।
 - ৩। সভাপতি, বুড়িচং প্রেস ক্লাব, বুড়িচং, কুমিল্লা।
- ✓ ৪। অফিস নথি।

তারিখঃ ০৯/০৭/২০২৫খ্রি.



উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা

বুড়িচং, কুমিল্লা।